



বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়
Bangabandhu Sheikh Mujib Medical University
শাহবাগ, ঢাকা, বাংলাদেশ।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের ব্যাখ্যা

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ডাইস-চ্যান্সেলর- এর বক্তব্য উদ্ধৃত করে বিশ্ববিদ্যালয়ের চিকিৎসক, কর্মকর্তা ও কর্মচারীর নিয়োগ সম্পর্কে গত ১৩-৭-২০০৮ইং তারিখ রবিবার চ্যানেল আই- এর সকাল ৭টা ও সকাল ৯টার সংবাদে যে প্রতিবেদন প্রচার করা হয়েছে তার প্রতি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। প্রচারিত প্রতিবেদনে বিশ্ববিদ্যালয়ের ডাইস-চ্যান্সেলর- এর বক্তব্যকে উদ্ধৃত করে রাজনৈতিক বিবেচনায় অবৈধভাবে নিয়োগ পাওয়া চিকিৎসক, কর্মকর্তা ও কর্মচারীদের ব্যাপারে ব্যবস্থা নেয়া হচ্ছে- মর্মে যে সমস্ত তথ্য পরিবেশন করা হয়েছে তা অসামঞ্জস্যপূর্ণ বলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ মনে করে। কেননা ডাইস-চ্যান্সেলর চ্যানেল আই-কে দেয়া বক্তব্যে এধরনের কোনো তথ্যের উল্লেখ করেননি। প্রকৃতপক্ষে ডিনি চ্যানেল আই-কে দেয়া তাঁর বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের যে সমস্ত চিকিৎসক, কর্মকর্তা ও কর্মচারীর নিয়োগ সংক্রান্ত ব্যাপারে অভিযোগ উত্থাপিত হয়েছে সে বিষয়ে আলাপ-আলোচনার মাধ্যমে পরবর্তী করণীয় ঠিক করার নিমিত্ত সংশ্লিষ্ট বিষয়ে সিভিকিট কর্তৃক গঠিত কমিটির ১ম সভা আগামী ১৭-৭-২০০৮ইং তারিখে অনুষ্ঠিত হবে এরূপ তথ্যের উল্লেখ করেছেন।

চ্যানেল আই কর্তৃক প্রচারিত এহেন প্রতিবেদনে অসামঞ্জস্যপূর্ণ তথ্যাদি পরিবেশনের ফলে বিশ্ববিদ্যালয়ে কর্মরত চিকিৎসক, কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে তীব্র অসন্তোষসহ তাদের সংগে বিশ্ববিদ্যালয়ের বর্তমান প্রশাসনের ভুল বোঝাবুঝির সৃষ্টি হয়েছে। এর ফলে বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক চিকিৎসা সেবা কার্যক্রম দারুণভাবে ব্যাহত হওয়ার উপক্রম হয়েছে।

এমতাবস্থায়, দেশের একমাত্র মেডিক্যাল বিশ্ববিদ্যালয় হিসাবে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ডাবমূর্তি জাতীয় ও আন্তর্জাতিক পরিমন্ডলে অক্ষুণ্ন রাখার স্বার্থে সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামনাসহ এই বিশ্ববিদ্যালয় সম্পর্কে জনমনে বিভ্রান্তি সৃষ্টি ও বিশ্ববিদ্যালয়ের দৈনন্দিক কর্মকাণ্ড ব্যাহত হয় এরূপ তথ্য ও সংবাদ প্রচার থেকে বিরত থাকার জন্য গণমাধ্যম সংশ্লিষ্ট সকলের প্রতি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অনুরোধ জানাচ্ছে।